# শিশু ও কমবয়সী ব্যক্তিদের মৌলবাদীকরণ ও

## উগ্রপন্থা থেকে সুরক্ষিত রাখা:

**বাবা-মা ও তত্ত্বাবধানকারীদের জন্য পরামর্শ**

# ভূমিকা

UK বর্তমানে সন্ত্রাসবাদের বর্ধিত ঝুঁকির সম্মুখীন হচ্ছে, যার সাথে উগ্রবাদী বিশ্বাস ও আদর্শগুলির সম্পর্ক রয়েছে এবং হিংসায় মদত দেওয়া গোষ্ঠীগুলি তাদের উদ্দেশ্য পূরণের জন্য ব্রিটেনে সক্রিয় রয়েছে এবং তাদের একটি অনলাইন উপস্থিতি রয়েছে।

এই উগ্রবাদী দৃষ্টিভঙ্গীর সংস্পর্শে আসা কমবয়সী ব্যক্তিদেরকে এই বিশ্বাস অনুযায়ী কাজ করতে বুঝিয়ে রাজী করা হতে পারে; তারা অপরাধমূলক বা সহিংস আচরণে জড়িত হয়ে পড়তে পারে এবং এইভাবে তারা নিজেদেরকে ও অন্যদেরকে ক্ষতির ঝুঁকিতে ফেলতে পারে।

কমবয়সী ব্যক্তিদের বেড়ে ওঠার একটি মূল অংশ হল নতুন ধারণাগুলিকে খতিয়ে দেখা এবং তাদের চারপাশের জগতকে খুঁটিয়ে প্রশ্ন করা এবং এই ব্যাপারে তাদের উৎসাহ প্রদান করা উচিত যাতে চারপাশের জগৎ সম্পর্কে তাদের অবগতি তৈরি হয় এবং তারা সহিষ্ণুতা ও গ্রহণযোগ্যতার মূল্য বুঝতে পারে। তবে, কমবয়সী ব্যক্তিদেরকে মৌলবাদীকরণ ও উগ্রপন্থা থেকে সুরক্ষিত রাখার জন্য এই ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখারও প্রয়োজন রয়েছে।

এই পুস্তিকার লক্ষ্য হল বাবা-মা ও তত্ত্বাবধানকারীদের এটি চিহ্নিত করতে সহায়তা করা যে, কখন তাদের শিশু মৌলবাদীকরণের ঝুঁকিতে পড়তে পারে এবং তারা যদি এই ব্যাপারে উদ্বিগ্ন হন তাহলে কোথায় সহায়তা পাবেন।

If you need a copy of this booklet in another language please contact the Camden Safeguarding Children Partnership on **020 7974 8716**

Haddii aad ku doonayso nuqul buug-yarahan ah luuqad kale, fadlan la xiriir **020 7974 8716** (Guddiga Dhawridda Carruurta Camden — Camden Safeguarding Children Board)

অন্য ভাষাতে আপনার যদি এই পুস্তিকার একটি কপির দরকার হয় তাহলে দয়া করে **020 7974 8716** নম্বরে যোগাযোগ করবেন (ক্যামডেন সেফগার্ডিং চিলড্রেন বোর্ড)

إذا كنت ترغب في الحصول على نسخة من هذا الكتيب بلغة أخرى، يرجى الاتصال بهاتف رقم **020 7974 8716** (مجلس كامدن لحماية الأطفال)

# মৌলবাদীকরণ ও উগ্রপন্থা কি?

‘উগ্রপন্থা’ হল যখন কেউ একটি ভিন্ন বিশ্বাস, জাতিগত মূল, সংস্কৃতি, ধর্ম, লিঙ্গ বা যৌন পরিচিতির জন্য একজন ব্যক্তির ক্ষেত্রে অসহিষ্ণু দৃষ্টিভঙ্গী রাখেন এবং বুনিয়াদী মূল্যবোধ, গণতন্ত্রের নীতি, ব্যক্তিগত স্বাধীনতা ও আইনের শাসনের বিরোধিতা করেন।

র‍্যাডিক্যালাইজেশন বা মৌলবাদীকরণ হল "একটি প্রক্রিয়া যা একটি সন্ত্রাসবাদী গোষ্ঠীর সাথে সংশ্লিষ্ট জেহাদি এবং উগ্রবাদী মতবাদগুলিকে সমর্থন করে। উগ্রবাদীরা তাদের মতবাদে মানুষজনকে আকর্ষিত করার চেষ্টা করে এটি বুঝিয়ে যে, জগৎ সম্পর্কে তাদের মতবাদই সঠিক মতবাদ এবং তারা তাদের এই উগ্রবাদী মতবাদ অনুযায়ী জগৎকে পরিবর্তন করার জন্য তাদেরকে পদক্ষেপ নিতে উৎসাহিত করে।

ক্যামডেনে ও হিংসা ও ঘৃণা মদতকারী , বিশেষ করে নির্দিষ্ট গোষ্ঠীর বিরুদ্ধে তা করার অনলাইন দৃষ্টিভঙ্গীগুলি রয়েছে। এর উদাহরণ হিসেবে সেই দৃষ্টিভঙ্গীগুলি রয়েছে যার মধ্যে নিও নাৎসী, হোয়াইট সুপ্রিমেসিস্ট বা শ্বেতাঙ্গ আধিপত্যবাদী বা দায়েশ বা আল-কায়দার মত তথাকথিত ইসলামী গোষ্ঠীগুলির দৃষ্টিভঙ্গী বলা যেতে পারে।

## কমবয়সী ব্যক্তিরা মৌলবাদী হয়ে পড়ে কেন?

বয়ঃসন্ধির সময়, কমবয়সীরা আরো স্বাধীন হয়ে ওঠে, নতুন ধারণাগুলি খতিয়ে দেখে এবং নিজেদের দৃষ্টিভঙ্গীগুলি তৈরি হতে থাকে; তা তাদেরকে উগ্রবাদের দিকে ঝোকার ক্ষেত্রে আরো ঝুঁকিপূর্ণ করে তোলে। কমবয়সী ব্যক্তিদের উগ্রবাদী মতবাদে আকৃষ্ট হওয়ার অনেক কারণ রয়েছে এবং তা বিভিন্ন রকমের হয়, তবে নিচেরগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:

- তারা এই জগতের অর্থ বোঝার চেষ্টা করতে পারে
- তারা মনে করে যে, তাদের সংস্কৃতি, জীবনধারা ও ধর্মীয় পরিচিতি হুমকির মুখে রয়েছে
- তা তাদেরকে একটি পরিচিতি বা সম্পর্কিত হওয়া বা কোন কিছুর অংশ হওয়ার একটি অনুভূতি প্রদান করে
- তারা অ্যাডভেঞ্চার বা উত্তেজনা পেতে চায়
- তারা তাদের বন্ধুবান্ধবদের চাপে থাকে, যাদের সাথে এই গোষ্ঠীগুলির সম্পর্ক রয়েছে।

# কমবয়সী ব্যক্তিদের কীভাবে মৌলবাদীকরণ করা হয়?

একজন কমবয়সী ব্যক্তিকে মৌলবাদীকরণ করার একটিই যে উপায় আছে তা নয়; এরকম কারো সাথে তাদের যোগাযোগ হতে পারে, যাদের দৃষ্টিভঙ্গী তাদের কাছে আকর্ষক মনে হতে পারে এবং উগ্রবাদীরা তাদের বিশ্বাসের উপর আরো প্রভাব ফেলার চেষ্টা করতে পারে। তারা এরকম ব্যক্তি হতে পারে যাদের সাথে তাদের সম্প্রতি দেখা হয়েছে বা যাদেরকে তারা পরিবার বা বন্ধুদের দলের মাধ্যমে আগে থেকেই চেনে।

সাম্প্রতিক বছরগুলিতে সোশ্যাল মিডিয়া উগ্রবাদী ও উগ্রবাদী ভাবধারার জন্য একটি ক্রমবর্ধমান জনপ্রিয় প্ল্যাটফর্ম প্রদান করেছে, যার মাধ্যমে এই ভাবধারাগুলির সাথে তৎক্ষণাৎ ও সহজে পরিচিত হওয়া যাচ্ছে। কিছু কমবয়সী ব্যক্তি আবার অনলাইনে ব্রাউজ করার সময় এই উগ্রবাদী চিন্তাধারার সংস্পর্শে আসতে পারে। এমনকি মজা করা বা 'বিদ্রুপ'-এর মাধ্যমেও এই চিন্তাধারাগুলি ভাগ করে নেওয়া হতে পারে, যা আপাতভাবে ক্ষতিকর না মনে হলেও, কমবয়সী ব্যক্তিরা তা উপলব্ধি না করেই তার প্রতি আকর্ষিত হতে পারে।

কিছু কমবয়সী ব্যক্তি উগ্রবাদীদের সাথে কোন যোগাযোগ ছাড়াই, ইন্টারনেট ব্রাউজ করে অনলাইনে উগ্রবাদী লেখাপত্র পড়ে মৌলবাদী হয়ে উঠতে পারে।

উগ্রবাদীরা সাধারণভাবে উপকরণ পোস্ট করার জন্য আস্ক এফএম (Ask FM), 4 chan, 8chan এবং টেলিগ্রাম (Telegram) এর মতো কম পরিচিত সোশ্যাল মিডিয়া সাইট ব্যবহার করে এবং পরিচিতি তৈরি করে, কারণ এই সাইটগুলির উপর নজর রাখা শক্ত এবং তা তাদের পরিচয় গোপন রাখতে সহায়তা করে। এই অ্যাপগুলির সমস্ত বিষয়াবলী উগ্রমনোভাবাপন্ন নয় এবং এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে, সন্ত্রাসবাদী ও উগ্রবাদীরা নিজেদেরকে গোপন রাখা নিশ্চিত করার জন্য প্রায়ই তাদের অবস্থান, নাম ও বিবরণ পরিবর্তন করে।

# কোন ইঙ্গিতগুলির উপর নজর রাখতে হবে?

## মৌলবাদীকরণের ইঙ্গিতের কোন বিশদ তালিকা নেই, তবে নিচেরগুলি উদ্বেগের উদ্রেক করতে পারে:

- অনলাইনের কার্যক্রম ও সোশ্যাল মিডিয়ার ব্যবহারগুলি গোপন রাখা
- চিন্তাধারার পরিবর্তন ও উগ্রবাদী চিন্তাধারা প্রকাশ করা
- পোষাক এবং/বা উপস্থাপনা বা বন্ধুদের দলের পরিবর্তন হওয়া
- অন্যান্য গোষ্ঠী, ধর্ম বা রাজনৈতিক বিশ্বাসের ক্ষেত্রে অসহিষ্ণুতা
- এরকম দৃষ্টিভঙ্গী প্রকাশ করা এবং ভাষা ব্যবহার করা, যা আপাতভাবে তাদের নয় বলে মনে হয় (সংকলিত বক্তব্য)
- এই বিশ্বাস যে, তাদের সংস্কৃতি বা ধর্ম হুমকির মুখে রয়েছে এবং শুধুমাত্র হিংসা বা যুদ্ধই এই সমস্যাগুলির সমাধান করতে পারে
- উগ্রবাদের সাথে সম্পর্কিত ষড়যন্ত্রের তত্ত্বগুলিতে বিশ্বাস করা

# বাবা-মায়েরা কিভাবে কমবয়সী ব্যক্তিদেরকে নিরাপদ রাখতে পারেন?

- আপনার শিশুর সাথে একটি **বিশ্বাসের সম্পর্ক** বজায় রাখুন, যাতে তারা যদি কোন ভুল করে বা সমস্যায় জড়িয়ে পড়ে তারা যাতে এটা জানে যে, তারা সাহায্যের জন্য আপনার কাছে আসতে পারে।
- আপনি যদি চিন্তিত থাকেন, আপনার শিশুর সাথে একটি **কথোপকথন** করুন। তাদেরকে তাদের দৃষ্টিভঙ্গী, প্রভাব ইত্যাদি সম্পর্কে বলতে বলুন। শোনার চেষ্টা করুন এবং তাদেরকে বিচার করবেন না/আতঙ্কিত হবেন না।
- আপনার এটি জানা নিশ্চিত করুন যে, আপনার শিশু কোথায় আছে এবং তারা কার সাথে আছে; আপনার শিশুদের বন্ধুদের ও তাদের পরিবারগুলি সম্পর্কে জানুন।
- আপনার শিশুকে টিভিতে, ইন্টারনেটে দেখা জিনিসগুলি সম্পর্কে **বিচার করে সচেতন হতে** সহায়তা করুন; তাদেরকে বিভিন্ন ধরণের দৃষ্টিভঙ্গী সম্পর্কে জানতে উৎসাহিত করুন এবং তাদেরকে অন্যদের প্রতি সহনশীলতা তৈরি করতে সহায়তা করুন।
- আপনার শিশুর অনলাইন কাজকর্মের উপর নজর রাখুন এবং সে কোন কোন সোশ্যাল মিডিয়া সাইটে যাচ্ছে তা যাচাই করুন। আপনি কোনও সাইট সম্পর্কে চিন্তিত থাকলে তা সম্পর্কে রিপোর্ট করুন ও ব্লক করুন।
- আপনার শিশুকে মনে করিয়ে দিন যে, ইন্টারনেটে তারা যাদের সাথে যোগাযোগ করছে তারা তাদেরকে পুরো সত্যিটা নাও বলতে পারে এবং কোনো সম্ভাব্য বিপদ সম্পর্কে তাদেরকে নাও জানাতে পারে। **তাদেরকে যদি কিছু লুকিয়ে রাখতে বলা হয়, তাহলে তারা ক্ষতির ঝুঁকিতে থাকতে পারে।**
- আপনার শিশুর সাথে ভাল সম্পর্ক রয়েছে এরকম আপনার পরিবারের বা কমিউনিটির অন্য সদস্যদের কাছ থেকে সহায়তা নিন।
- আপনি যদি মনে করেন যে, আপনার শিশুর দেশ ছেড়ে চলে যাওয়ার একটি ঝুঁকি রয়েছে, সেক্ষেত্রে, **পূর্বসতর্কতাগুলি নিন** যেমন তার পাসপোর্ট একটি সুরক্ষিত জায়গাতে রাখুন এবং তাদের অর্থ নেওয়ার সুযোগগুলি হ্রাস করুন।
- এছাড়া আপনি আপনার **শিশুর শিক্ষকদের**সাথেও কথা বলতে পারেন; স্কুল এই ইঙ্গিতগুলির উপর নজর রাখবে যে, ছাত্রছাত্রীরা উগ্রবাদীদের লক্ষ্য হচ্ছে কি না এবং যদি তাদের মৌলবাদীকরণ করার চিহ্নগুলি থাকে, সেক্ষেত্রে তারা সহায়তা করতে পারেন বা আপনার শিশুকে সাহায্যের জন্য রেফার করতে পারেন।

# কোথায় সহায়তা পাবেন

## ন্যাশনাল পুলিশ প্রিভেন্ট অ্যাডভাইস লাইন

একজন বিশেষভাবে প্রশিক্ষিত প্রিভেন্ট অফিসারের সাথে আপনার উদ্বেগগুলি ভাগ করে নেওয়ার জন্য, গোপনে কল করুন।

**0800 011 3764**

## ক্যামডেন চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ কন্ট্যাক্ট সার্ভিস

একটি শিশুকে মৌলবাদীকৃত করার বিষয়টিকে ক্যামডেনে শোষণ ও গ্রুমিং হিসেবে দেখা হয়। ক্যামডেন আপনার উদ্বেগ সম্পর্কে কথা বলবে এবং আর্লি হেল্প সার্ভিসেসে, সোশ্যাল কেয়ার সার্ভিসেস বা প্রিভেন্ট-এর মাধ্যমে আপনার প্রয়োজনীয় সহায়তা পাওয়ার ব্যবস্থা করবে।

**LCBMASHadmin@camden.gov.uk**

**020 7974 3317**

## ক্যামডেন প্রিভেন্ট টীম

আপনি এছাড়াও প্রিভেন্ট টীমের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন

**prevent@camden.gov.uk**

# কোথায় সহায়তা পাবেন

সংশ্লিষ্ট সমস্ত পেশাদাররা আপনার ও আপনার শিশুর সাথে একসাথে কাজ করে খতিয়ে দেখবে যে, আপনার শিশুকে মৌলবাদী হয়ে ওঠা থেকে সুরক্ষিত রাখার জন্য কী কী সহায়তা প্রদান করা যেতে পারে।

আপনার শিশুর যদি একটি বিশেষ চাহিদা, অসামর্থ্য বা মানসিক স্বাস্থ্য সমস্যা থাকে, তাহলেও তাদের মৌলবাদীকরণ করা হতে পারে এবং তাদের সহায়তার প্রয়োজন হতে পারে।

আপনার উদ্বেগগুলি তুলে ধরতে ও সহায়তা পেয়ে দেরী করবেন না।

# কার্যকরী ওয়েবসাইটগুলি

মৌলবাদীকরণ সম্পর্কে এবং কী করতে হবে সেই ব্যাপারে তথ্যাবলী ও পরামর্শের জন্য:

## Act Early

www.actearly.uk

## Educate Against Hate

https://educateagainsthate.com/parents/

## Lets Talk About It

https://www.ltai.info/

প্রিভেন্ট সম্পর্কে এবং কীভাবে লোকেদেরকে সন্ত্রাসবাদে জড়িয়ে পড়া থেকে আটকানো যায় তা বুঝতে বাবা-মাকে সহায়তা করে

## Families Against Stress and Trauma

https://www.familiesmatteruk.org/familiesmatter.org.uk/index.html

পরিবারের মধ্যে মৌলবাদীকরণের সমস্যা মোকাবেলা সংক্রান্ত পরামর্শের জন্য

## Small Steps/Exit UK

https://smallstepsconsultants.com/leaving-the-far-right/

চরম ডানপন্থী উগ্রবাদ সংক্রান্ত বিশেষজ্ঞেরা, যারা যদি কেউ খুব গভীরে চলে যায় তাদের জন্য পরামর্শ ও সহায়তা প্রদান করতে পারেন।

অনলাইন সুরক্ষা/ ডিজিটাল সহনশীলতা সংক্রান্ত তথ্যাবলী ও পরামর্শের জন্য:

## NSPCC

https://www.nspcc.org.uk/keeping-children-safe/online-safety/

## Safer Internet

https://www.saferinternet.org.uk/

## Net-Aware

www.net-aware.org.uk

## Internet Matters

https://www.internetmatters.org/issues/radicalisation/dealing-with-radicalisation/#deal-with-radicalisation

## Think U Know – দি চাইল্ড এক্সপ্লয়েটেশন অ্যান্ড অনলাইন প্রোটেকশন সেন্টার (CEOP)

www.ThinkUKnow.co.uk

## সন্দেহকৃত অনলাইন সন্ত্রাসবাদ সম্পর্কে রিপোর্ট করুন - সন্ত্রাসবাদী ও চরমপন্থা সংক্রান্ত বিষয়াবলী সম্পর্কে অনলাইনে রিপোর্ট করার জন্য

https://www.gov.uk/report-terrorism